

আল-আ'রাফ | Al-A'raf | الأعراف

আয়াতঃ ৭ : ৯২

আরবি মূল আয়াত:

الَّذِينَ كَذَّبُوا شُعَيْبًا كَأَن لَّمْ يَغْنَوْا فِيهَا الَّذِينَ كَذَّبُوا شُعَيْبًا كَانُوا هُمُ
الْخَسِرِينَ ﴿٩٢﴾

অনুবাদসমূহ:

যারা শু'আইবকে মিথ্যাবাদী বলেছিল, মনে হয় যেন তারা সেখানে বসবাসই করেনি। যারা শু'আইবকে মিথ্যাবাদী বলেছিল তারাই ছিল ক্ষতিগ্রস্ত। — আল-বায়ান

যেন শু'আইবকে অস্বীকারকারীরা সেখানে কোনদিন বসবাস করেনি। যারা শু'আইবকে মিথ্যা প্রতিপন্ন করেছিল তারা ক্ষতিগ্রস্ত হয়ে গেল। — তাইসিরুল

অবস্থা দেখে মনে হল, যারা শু'আইবকে মিথ্যা প্রতিপন্ন করেছিল তারা যেন কখনও সেখানে বসবাস করেনি, শু'আইবকে মিথ্যা প্রতিপন্নকারী লোকেরাই শেষ পর্যন্ত ধ্বংস হয়ে গিয়েছিল। — মুজিবুর রহমান

Those who denied Shu'ayb - it was as though they had never resided there.
Those who denied Shu'ayb - it was they who were the losers. — Sahih International

৯২. শু'আইবকে যারা মিথ্যাবাদী বলেছিল, মনে হল তারা যেন কখনো সেখানে বসবাসই করেনি।
শু'আইবকে যারা মিথ্যাবাদী বলেছিল তারাই ক্ষতিগ্রস্ত হয়েছিল।

তাফসীরে জাকারিয়া

(৯২) মনে হল শু'আইবকে যারা মিথ্যাঞ্জন করেছিল, তারা যেন কখনো সেখানে বসবাসই করেনি।[1]
শু'আইবকে যারা মিথ্যা ভেবেছিল, তারাই ছিল ক্ষতিগ্রস্ত। [2]

[1] অর্থাৎ, যে এলাকা হতে তারা রসূল ও তার অনুসারীদের বের করার জন্য প্রস্তুত ছিল আল্লাহর আযাব আসার পর সে এলাকার অবস্থা এমন হল, যেন তারা এখানে বাসই করত না।

[2] অর্থাৎ, ক্ষতিগ্রস্ত তারাই হল যারা নবীকে মিথ্যাঞ্জন করেছিল, নবী (সাঃ) ও তাঁর অনুসারীগণ নন। আর ক্ষতি ইহকালের ও পরকালেরও। দুনিয়াতে অপমানজনক শাস্তি এবং আখেরাতে এর চেয়েও কঠিন শাস্তি রয়েছে।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1046>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন